



## বঙ্গবন্ধু প্রযুক্তি ভাসিটিতে ইউজিসির তদন্ত শেষ

প্রকাশিত: ২৭ - সেপ্টেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

- প্রধানমন্ত্রীর দিকনির্দেশনা না আসা পর্যন্ত আন্দোলন চলবে- শিক্ষার্থীদের ঘোষণা

নিজস্ব সংবাদদাতা, গোপালগঞ্জ, ২৬ সেপ্টেম্বর ॥ গোপালগঞ্জ বঙ্গবন্ধু প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (বশেমুরবিপ্রবি) শিক্ষার্থীদের আন্দোলনের কারণ খতিয়ে দেখতে তদন্ত কাজ শেষ করেছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি'র) তদন্ত কমিটি। ভিসি অপসারণের এক দফা এক দাবি নিয়ে শিক্ষার্থীদের অনশনসহ লাগাতার আন্দোলনের ৮ম দিনে বৃহস্পতিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের ডরমেটরিতে ভিসি প্রফেসর ড. খোন্দকার নাসিরউদ্দিনকে জিজ্ঞাসাবাদ ও তার বক্তব্য গ্রহণের মধ্য দিয়ে ইউজিসি'র তদন্ত কমিটির সদস্যগণ তাদের তদন্ত কাজ শেষ করেন।

২৪ ঘণ্টার তদন্ত কাজ শেষ করে বিকেল সাড়ে ৪টার দিকে বিশ্ববিদ্যালয় থেকে বেরিয়ে যাওয়ার মুহূর্তে তদন্ত কমিটির প্রধান ইউজিসি'র সদস্য অধ্যাপক আলমগীর হোসেন উপস্থিত সাংবাদিকদের জানান, তারা ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক ও শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেছেন এবং তাদের কাছ থেকে যাবতীয় অভিযোগ, তথ্য-উপাত্ত ও প্রমাণ গ্রহণ করেছেন। শিক্ষার্থীদের ভিসিবিরোধী আন্দোলন চলাকালীন বহিরাগতদের হামলায় যারা আহত হয়েছে, তাদের সঙ্গে তারা সাক্ষাত করেছেন এবং তাদের বক্তব্য গ্রহণ করেছেন। আগামী ৫ কর্মদিবসের মধ্যে তারা তদন্ত প্রতিবেদন দাখিল করবেন। ভবিষ্যতে আর কখনও এ ধরনের ঘটনা ঘটবে না বলেও তারা আশ্বাস প্রদান করেন। এ সময় ইউজিসি'র তদন্ত কমিটির অন্য সদস্যগণ প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন, প্রফেসর ড. দিল আফরোজা বেগম, পাবলিক বিশ্ববিদ্যালয়ের পরিচালক মোঃ কামাল হোসেন ও উপ-পরিচালক মৌলি আজাদ সেখানে উপস্থিত ছিলেন। এর আগে বুধবার বিকেল সাড়ে ৪টায় ৫ সদস্যবিশিষ্ট ইউজিসি'র তদন্ত কমিটি গোপালগঞ্জ বশেমুরবিপ্রবি'তে যান এবং শিক্ষার্থীদের আন্দোলনের কারণ খতিয়ে দেখতে তদন্ত কাজ শুরু করেন।

তিন সহকারী প্রক্টরের পদত্যাগ ॥ এদিকে শিক্ষার্থীদের শান্তিপূর্ণ আন্দোলন চলাকালে শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসন কোন মামলা বা কার্যকরি পদক্ষেপ বা শিক্ষার্থীদের নিরাপত্তার জন্য কোন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করায় বিষয়টিকে অত্যন্ত দুঃখজনক বলে অবিহিত করে বৃহস্পতিবার দুপুরে সহকারী প্রক্টরের পদ থেকে পদত্যাগ করেন বিশ্ববিদ্যালয়ের আরেক সহকারী প্রক্টর ফার্মেসি বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ তরিকুল ইসলাম। এ নিয়ে মোট তিনজন সহকারী প্রক্টর তাদের পদ থেকে পদত্যাগ করলেন। এর আগে বুধবার সন্ধ্যায় সহকারী প্রক্টর বিশ্ববিদ্যালয়ের কৃষি বিভাগের সহকারী অধ্যাপক ড. নাজমুল হক শাহীন ব্যক্তিগত কারণ দেখিয়ে তার পদ থেকে পদত্যাগ করেন। এছাড়া, আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসনকে দায়ী করে গত শনিবার সহকারী প্রক্টর পদ থেকে পদত্যাগ করেন সামাজিক বিজ্ঞান বিভাগের সহকারী প্রভাষক মোঃ হুমায়ন কবির।

প্রধানমন্ত্রীর দিক নির্দেশনা না আসা পর্যন্ত আন্দোলন চলবে ॥ এদিকে ভিসি প্রফেসর ড. খোন্দকার নাসিরউদ্দিনের সকল অনিয়ম, দুর্নীতি, স্বজনপ্রীতি, স্বৈচ্ছাচারিতা, নিয়োগ ও ভর্তি-বাণিজ্যসহ সকল অপকর্মের সুষ্ঠু, বস্তুনিষ্ঠ ও সঠিক তদন্ত দাবি করে সংবাদ-সম্মেলন করেছে আন্দোলনরত শিক্ষার্থীরা। বৃহস্পতিবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের জয় বাংলা চত্বরে আয়োজিত সংবাদ-সম্মেলনে শিক্ষার্থীরা অভিযোগ জানায়, সাধারণ শিক্ষার্থীদের এ ন্যায্য আন্দোলনকে ভিন্ন খাতে প্রবাহিত করার জন্য একটি বিশেষ মহল সর্বক্ষণ চেষ্টা চালাচ্ছে। শিক্ষার্থীদের ছবি ব্যবহার করে সোশ্যাল মিডিয়ায় ভুয়া এ্যাকাউন্ট খুলে শত্রুয়ে শিক্ষকদের নামে অশালীন মন্তব্য করেছে এবং সে দায়ভার আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর চাপানোর চেষ্টা করেছে এবং শিক্ষার্থীদের মধ্যে কোন্দল সৃষ্টির চেষ্টা চালাচ্ছে। এসব অপচেষ্টার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে তারা ঘোষণা দিয়েছে, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দিক নির্দেশনা না আসা পর্যন্ত তারা ভিসি অপসারণের এক দফা এক দাবি নিয়ে আন্দোলন চালিয়ে যাবে।

পরে বেলা সাড়ে ১২টার দিকে শিক্ষার্থীরা চোখে কালো কাপড় বেঁধে ক্যাম্পাসে ঘণ্টাব্যাপী মানববন্ধন করে। এ ছাড়াও প্রতিদিনকার মতো বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে তাদের অনশন কর্মসূচীতে তারা বাদ্য-বাজনা বাজিয়ে দফায় দফায় স্লোগান-সমৃদ্ধ সমাবেশ চালিয়ে যাচ্ছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্র: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com